



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সভার (এপ্রিল ২০২১) কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সুজায়েত উল্যা পরিচালক
সভার তারিখ	২৯ এপ্রিল ২০২১
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	অনলাইন প্ল্যাটফর্ম (জুম অ্যাপসের মাধ্যমে)।
উপস্থিতি	: ১. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। ২. জনাব মোঃ মিজানুর রহমান, মাইক্রোফিল্ম অফিসার, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। ৩. জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি। ৪. জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক, সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।

আলোচনা :

কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, করোনা মহামারী মোকাবিলায় লকডাউন চলছে বিধায় সকল কর্মকর্তা ও কর্মচারীকে করোনা মোকাবেলায় আরও সতর্ক হতে হবে। তিনি বলেন যে, অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনা সম্পর্কে সদস্যগণের মতামত গ্রহণ করা প্রয়োজন। সদস্যগণের ইমেইলে প্রণীত কর্মপরিকল্পনা প্রেরণ করে মতামত গ্রহণ করতে হবে। সদস্যগণ আগামী ৫ মে তারিখের মধ্যে মতামত ইমেইলে প্রেরণ করবেন। সভাপতি আরও বলেন যে, চলমান করোনা মহামারী পরিস্থিতির উন্নতি না হলে অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর শুদ্ধাচারের তৃতীয় ত্রৈমাসিকের নির্ধারিত সকল কর্মকাল যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হবেনা। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়—

সিদ্ধান্ত :

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব	মন্তব্য
১.	করোনা মহামারী মোকাবিলায় লকডাউন চলছে বিধায় সকল কর্মকর্তা ও কর্মচারীকে করোনা মোকাবেলায় আরও সতর্ক হতে হবে।	সকল কর্মকর্তা	
২.	সদস্যগণের ইমেইলে প্রণীত কর্মপরিকল্পনা প্রেরণ করে মতামত গ্রহণ করতে হবে। সদস্যগণ আগামী ৫ মে তারিখের মধ্যে মতামত সদস্যসচিবের ইমেইলে প্রেরণ করবেন।	সদস্যসচিব	

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ সুজায়েত উল্যা
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রোগ্রামার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৩) মাইক্রোফিল্ম অফিসার, মাইক্রোফিল্ম (সংরক্ষণ) অফিসারের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৪) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।



মোঃ আলী আকবর
সহকারী পরিচালক